BGMEA

সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/১১৪ তারিখঃ ২৮মে, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ** আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে পোশাক শিল্পের আমদানিকৃত পণ্য/কন্টেইনার ডেলিভারী এবং রপ্তানি পণ্য জাহাজীকরণের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

**সূত্রঃ** চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র নং- ডিটি/শিপ/বিজিএমইএ/পত্রালাপ/২০১৭/২০১৭/১৪০৩ তারিখঃ ১৯/০৫/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকটি ঈদের আগে ও পরে বিজিএমইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহ কার্যক্রম বন্ধ রাখায় কাঙ্খিত হারে বন্দর হতে আমদানীকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো ডেলিভারী হয়নি। ফলশ্রুতিতে বন্দর হতে পণ্য/কন্টেইনার স্বাভাবিক হারে ডেলিভারী না হওয়ায় বন্দর অভ্যন্তরে পণ্য/কন্টেইনার জমে যায় যা ঈদের পরবর্তী পুরো মাস জুড়ে বিজিএমইএ-সহ অন্যান্য সকল আমদানী-রপ্তানিকারকের পণ্য হ্যান্ডলিং বাধাগ্রস্ত করে। ফলে ঈদের ছুটি পরবর্তী সময়ে বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক করা বেশ দুরূহ হয়ে পড়ে মর্মে সূত্রোক্ত পত্র মারফত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বিজিএমইএ'কে অবহিত করেছে।

এমতাবস্থায়, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দর হতে আপনার আমদানিকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো স্বাভাবিক নিয়মে ডেলিভারী গ্রহণ এবং রপ্তানি পণ্য সঠিক সময়ে জাহাজী করণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

২৮/৫/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**অনুলিপি-সদয় জ্ঞাতার্থেঃ-**

১। সচিব, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
· বাংলাদেশে তৈরি ·
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ
ফোন ঃ ০২-৩৩৩৩২২২০০-২৯, ফ্যাক্স ঃ ০২-৩৩৩৩১০৮৮৯
www.cpa.gov.bd

নং-ডিটি/শিপ/বিজিএমইএ/পত্রালাপ/২০১৭/১৪০৬ তারিখ-১৯-০৫-২০২৫ ইং।

বরাবর
প্রশাসক
বাংলাদেশ গার্মেন্টস্ ম্যানুফ্যাকচারার্স এন্ড, এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ
ব্লক-এইচ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

**বিষয়ঃ- আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে পোশাক শিল্পের আমদানিকৃত পণ্য/কন্টেইনার ডেলিভারী এবং রপ্তানি পণ্য জাহাজীকরণের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার কর্তৃক ১০ (দশ) দিন ছুটি ঘোষণা করা হয়েছে। উক্ত ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম ২৪X৭ সার্বক্ষণিক (ঈদের দিন সকাল ০৮.০০ ঘটিকা থেকে বিকাল ১৬.০০ ঘটিকা ব্যতীত) চালু থাকবে এবং স্বাভাবিক নিয়মে কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং, জাহাজ আনা-নেয়া এবং পণ্য/কন্টেইনার ডেলিভারীসহ চট্টগ্রাম বন্দরের সকল অপারেশনাল কার্যক্রম পরিচালিত হবে।

২। উল্লেখ্য, গত কয়েকটি ঈদে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ অধিকাল ভাতা প্রদানপূর্বক পর্যাপ্ত জনবল নিয়োজিত রেখে বিশেষ বন্দোবস্ত করে বন্দরের কার্যক্রম ২৪X৭ চালু রাখা হলেও বিজিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহ ঈদের আগে ও পরে কার্যক্রম বন্ধ রাখায় কাঙ্খিত হারে বন্দর হতে আমদানীকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো ডেলিভারী হয়নি। ফলশ্রুতিতে বন্দর হতে পণ্য/কন্টেইনার স্বাভাবিক হারে ডেলিভারী না হওয়ায় বন্দর অভ্যন্তরে পণ্য/কন্টেইনার জমে যায় যা ঈদের পরবর্তী পুরো মাস জুড়ে বিজিএমইএ-সহ অন্যান্য সকল আমদানী-রপ্তানীকারকের পণ্য হ্যান্ডলিং বাধাগ্রস্ত করে। ফলে ঈদের ছুটি পরবর্তী সময়ে বন্দরের অপারেশনাল কার্যক্রম স্বাভাবিক করা বেশ দুরূহ হয়ে পড়ে, এতে বন্দরের উৎপাদনশীলতা চরমভাবে ব্যাহত হয়।

৩। আরো উল্লেখ্য, সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক বিভিন্ন দেশের রপ্তানি পণ্যের উপর আরোপিত অতিরিক্ত শুল্ক ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে। উক্ত ০৩ (তিন) মাস সময়ের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রগামী রপ্তানি পণ্য বিশেষ করে তৈরী পোশাক অতিরিক্ত শুল্ক পরিহার করে সঠিক সময়ে জাহাজী করণের মাধ্যমে যাতে গন্তব্যে পৌঁছতে পারে সে বিষয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ যথেষ্ট তৎপর রয়েছে। এক্ষেত্রে বিজিএমইএ হতে অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা অপরিহার্য।

৪। বর্ণিত অবস্থার আলোকে আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকার ঘোষিত ছুটিকালীন সময়ে চট্টগ্রাম বন্দর হতে পোশাক শিল্পের জন্য আমদানিকৃত এফসিএল কন্টেইনার ও এলসিএল কার্গো স্বাভাবিক নিয়মে ডেলিভারী গ্রহণ, রপ্তানি পণ্য সঠিক সময়ে জাহাজী করণের জন্য বন্দরে প্রেরণ ইত্যাদি বিষয়ে বিজিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও চট্টগ্রাম বন্দরে অপারেশনাল গতিশীলতা অটুট রাখার স্বার্থে বিজিএমইএ হতে জরুরী পদক্ষেপ গ্রহণ করে অত্র কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

| | | |
|---|---|---|
| 1. | Office Incharge | |
| 4. | Admin-HR / Insurance | |
| 5. | Labour Cell / Fire & Safety | |
| 6. | Law & Order / Crisis Management | |
| 7. | [illegible] Elec. | |
| 8. | Membership | |
| 9. | C&M / RSC / Dormitory | |
| 10. | Port & Customs | |
| 11. | RDTI/UIIS/Fair/Arbitration | |
| 12. | Health / Hospital / School / Project | |
| 13. | | |
| Signature | | |
| Dispatch No | | |
| Date & Time | 27/05/025 | |

সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
ফোন নং-০২-৩৩৩৩৩০৮৬৯

ক্রমশঃ পৃষ্ঠা-২

CamScanner